



তথ্যবিবরণী

নম্বর: ০৯৪

রাজশাহীতে বনসাই প্রদর্শনীর উদ্বোধন করলেন রাসিক প্রশাসক

রাজশাহী ; ২২ কার্তিক (০৭ নভেম্বর) :

আজ বৃহস্পতিবার (৭ নভেম্বর) বিকালে রাজশাহী নগর ভবনস্থ গ্রীন প্লাজায় ০৩ (তিন) দিনব্যাপী অনুষ্ঠিতব্য ২২তম বনসাই প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিভাগীয় কমিশনার ও রাসিক প্রশাসক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

প্রধান অতিথি বলেন, যেকোনো মেলা বা প্রদর্শনীর মূল কাজটা হলো ব্র্যান্ডিং। প্রদর্শনীতে আগত দর্শনার্থীরা বিভিন্ন ধরনের ও বয়সের বনসাই এখানে দেখতে পারবেন। বনসাই গাছের আর্থিক মূল্য কিন্তু অনেক বেশি। বাণিজ্যিক ভিত্তিতে বনসাই প্রস্তুত করে বিদেশে রপ্তানি করে আমরা লাভবান হতে পারি। নগরসভ্যতা যতদিন বেঁচে থাকবে প্রকৃতির সান্নিধ্য হিসেবে জীবন্ত ভাস্কর্যরূপে বনসাই এর চাহিদা ততদিন থাকবে।

তিনি আরো বলেন, রাজশাহী বনসাই সোসাইটি ১৯৯৯ সাল থেকে কাজ করছে। প্রতি বছরই তারা এ বনসাই প্রদর্শনী করে। নগর সভ্যতার উৎপত্তির পর থেকে শহরে উন্মুক্ত স্থান ক্রমেই কমে যাচ্ছে। আগে যে বৃহৎ বাড়ি থাকতো তার পরিবর্তে এখন মানুষ ফ্ল্যাটে থাকছে। নানাবিধ কারণে প্রকৃতির সাথে মানুষের মিথস্ক্রিয়া কমে যাচ্ছে। নান্দনিক বনসাই গাছ অল্প জায়গাতেই স্থাপন ও পরিচর্যা করা যায় ফলে মানুষ বনসাইয়ে আগ্রহ দেখিয়ে আসছে।

বনসাই এর উৎপত্তির ইতিহাস তুলে ধরে রাসিক প্রশাসক বলেন, প্রায় ২ হাজার বছর পূর্বে চীনে এর প্রচলন শুরু হয়। পরবর্তীতে চীন থেকে জাপান, কোরিয়া ও ভিয়েতনামসহ বিভিন্ন দেশে এর চর্চা ছড়িয়ে পড়ে। বাংলাদেশেও এখন উন্নতমানের বনসাই উৎপাদিত হচ্ছে।

রাজশাহী বনসাই সোসাইটির সভাপতি সৈয়দ মাহফুজ-ই-তৌহিদ টুটু এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী কলেজের অধ্যক্ষ প্রফেসর মু. যছর আলী। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে রাজশাহী বনসাই সোসাইটির সহ-সভাপতি রেহানা চৌধুরী, সাধারণ সম্পাদক সারোয়ার মুরশেদ এবং এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন,

উল্লেখ্য, বনসাই প্রদর্শনীটি চলবে আগামী শনিবার (০৯ নভেম্বর) পর্যন্ত।

.....

তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/১৭:৩০ঘ.